

# আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের অভূতপূর্ব সাফল্য

নিজস্ব প্রতিবেদক



ঢাকা সেনানিবাসে অবস্থিত আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবারের

এসএসসি পরীক্ষায় অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। আজ মঙ্গলবার

আইএসপিআরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরীক্ষায় এ শিক্ষা প্রতিষ্ঠান

থেকে অংশ নেওয়া ৭৮০ জন শিক্ষার্থীর মধ্যে শতভাগ পাসসহ ৬৫১ জন

(৮৩.৪৬%) জিপিএ-৫ পেয়েছে। বিজ্ঞান বিভাগের ৬৯৯ জন শিক্ষার্থীর মধ্যে ৬৪৪

জন (৯২.১৩%) জিপিএ-৫ অর্জন করেছে।

এছাড়াও ইংরেজি মাধ্যমে ১২৭ জন শিক্ষার্থীর শতভাগ পাসসহ ১১৫ জন

(৯০.৫৫%) জিপিএ-৫ অর্জন করেছে।

প্রতিষ্ঠানটি ২০২২ ও ২০২৩ শিক্ষাবর্ষে সার্বিকভাবে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন

করার ফলে ‘সেনাবাহিনী প্রধান ট্রফি’ লাভ করেছে। ‘জাতীয় শিক্ষা  
সপ্তাহ-২০২৩’-এ প্রতিষ্ঠানটির স্কুল শাখা ক্যান্টনমেন্ট থানা ও ঢাকা মহানগরে  
শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) এবং জাতীয় পর্যায়ে তেইশ হাজার মাধ্যমিক  
বিদ্যালয়ের মধ্যে তৃতীয় স্থান অর্জন করে।

প্রতিষ্ঠানটিতে বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমেই পাঠদান করা হয়। বাংলাদেশ  
সেনাবাহিনী পরিচালিত এই শিক্ষা প্রতিষ্ঠান তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় ক্ষেত্রেই  
সমান গুরুত্ব দিয়ে থাকে।

সেনাবাহিনী পরিচালিত মোট ৪১টি ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের মধ্যে আদমজী  
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখে  
দেশের সার্বিক শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।